TRIPURA LEGISLATIVE ASSEMBLY

৪র্থ অধিবেশন

Questions For UnStart Oral Answer

কুল প্রশ্ন - 63

---

1 - **স্বাস্থ্য কেন্দ্রের প্রাসঙ্গিক বিষয়বস্তু** (By - Shri Nayan Sarkar)

55 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

১। রাজ্যে কোন্ কোন্ হাসপাতালে / স্বাস্থ্য কেন্দ্রে / চিকি□সা কেন্দ্রে ECG, X-Ray, Ultrasonography এবং অ্যাম্বুলেন্স নষ্ট হয়ে আছে তার পৃথক পৃথক হিসাব ?

---

2 - PHC **এবং** CHC **সম্পর্কিত তথ্য** (By - Shri Nayan Sarkar, Shri Nirmal Biswas)

56 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ ইং অর্থবছরে রাজ্যে নতুন করে কতটি PHC এবং CHC খোলা হয়েছে (অর্থব□সর ভিত্তিক হিসাব) ; এবং

২। হলে কোথায় কোথায় উক্ত PHC এবং CHC খোলা হয়েছে ?

---

3 - **রোগীকে জিবি হাসপাতাল থেকে ILS হাসপাতালে রেফার প্রাসঙ্গিক বিষয়বস্তু** (By Shri Nayan Sarkar)

57 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

১। গত তিনটি অর্থবছরে কতজন রোগীকে জিবি হাসপাতাল থেকে ILS হাসপাতালে রেফার করা হয়েছে (বছর ভিত্তিক হিসাব ?

---

4 - ত্রিপুরা মেডিকেল কলেজে এবং আগরতলা মেডিকেল কলেজে ইনটার্নদের মাসিক ভাতা সম্পর্কিত তথ্য (By - Shri Nayan Sarkar)

58 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

১। বর্তমানে রাজ্যে অবস্থিত ত্রিপুরা মেডিকেল কলেজে এবং আগরতলা মেডিকেল কলেজে ইনটার্নদের মাসিক ভাতা কত (পৃথক পৃথক তথ্য) ?

---

5 - স্বাস্থ্য পরিষেবা সম্পর্কিত তথ্য (By - Shri Nayan Sarkar)

59 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। রাজ্যে কোন্ কোন্ PHC গুলোতে ২৪ ঘণ্টা স্বাস্থ্য পরিষেবা নেই তার তালিকা ; এবং ২। না থাকার কারণ ; ৩।কবে নাগাদ এগুলোতে ২৪ ঘণ্টা স্বাস্থ্য পরিষেবা প্রদান করা সম্ভব হবে বলে আশা করা যায় ?

---

6 - ঔষধ ক্রয় সম্পর্কিত তথ্য (By Shri Nayan Sarkar)

60 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১।২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ ইং অর্থ বছরে জেনেরিক মেডিসিন এবং অন্যান্য মেডিসিন সরকারী হাসপাতাল গুলোতে সরবরাহ করার জন্য দপ্তর থেকে কত টাকার ঔষধ ক্রয় করা হয়েছে (অর্থবছর ভিত্তিক হিসাব) ?

---

7 - ব্লাড ব্যাঙ্ক সম্পর্কিত তথ্য (By - Shri Nayan Sarkar)

61 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। রাজ্যে কোথায় কোথায় ব্লাড ব্যাঙ্ক চালু রয়েছে তার তালিকা ?

---

8 - AIIMS (এইমস) **হাসপাতাল স্থাপন সম্পর্কিত তথ্য** (By Shri Nayan Sarkar)

62 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। রাজ্যে AIIMS (এইমস) হাসপাতাল স্থাপনের কোন পরিকল্পনা সরকারের আছে কিনা ; ২। উক্ত হাসপাতাল স্থাপনের জন্য কেন্দ্রীয় সরকার এবং এইমস-এর কোন প্রতিনিধি দল রাজ্যে এসেছিল কিনা ?

---

9 - **মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক ও ট্রমা কেয়ার সেন্টার সম্পর্কিত তথ্য** (By -Shri Nayan Sarkar)

63 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

১। রাজ্যে প্রতিটি জেলা এবং মহকুমা হাসপাতালে ব্লাড ব্যাঙ্ক ও ট্রমা কেয়ার সেন্টার চালু করার কোন পরিকল্পনা সরকারের রয়েছে কিনা ;

২।থাকলে কবে নাগাদ করা হবে বলে আশা করা যায় ;

৩। না থাকলে তার কারণ ?

---

10 - **পঞ্চায়েত ও ভিলেজ কমিটি এলাকায় সাবসেন্টার সম্পর্কিত তথ্য** (By - Shri Nayan Sarkar)

64 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। বর্তমানে রাজ্যে কতটি পঞ্চায়েত ও ভিলেজ কমিটি এলাকায় এখন ও সাবসেন্টার নেই (মহকুমা ভিত্তিক হিসাব) ?

11- **রোগীকে AGMC & IGM Hospital -এ রেফার করা সম্পর্কিত তথ্য** (By - Shri Nayan Sarkar)

65 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ ইং অর্থবছরে রাজ্যের মহকুমা ও জেলাস্তরের হাসপাতালগুলো থেকে কত সংখ্যক রোগীকে AGMC & IGM Hospital -এ রেফার করা হয়েছে (বছর ভিত্তিক আলাদা আলাদা হিসাব) ?

---

15 - **বিলাতী মদের দোকান এবং বার-এর লাইসেন্স সম্পর্কিত তথ্য** (By - Shri Sudip Sarkar)

66 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

অর্থায়ন :- ১। ২০২১-২২ অর্থবছর হইতে চলতি অর্থবছরের ডিসেম্বর মাস পর্যন্ত রাজ্যে মোট কতটি বিলাতী মদের দোকান এবং বার-এর লাইসেন্স দেওয়া হয়েছে ; ২। উক্ত সময়কালে লাইসেন্স প্রাপকদের মধ্যে বহিরাজ্যের কোন নাগরিক রয়েছে কিনা ; এবং ৩। আবগারী শুল্ক বাবদ রাজ্য কোষাগারে মোট কত সংগৃহীত হয়েছে ?

---

16 - **রাজ্যে পঞ্চায়েত দপ্তরে অর্থ বরাদ্দ সম্পর্কিত তথ্য** (By - Shri Sudip Sarkar)

67 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :- ১। রাজ্যে পঞ্চায়েত দপ্তরে বর্তমানে কয়টি পদ শূন্য রয়েছে ; ২। ২০২১-২২, ২০২২-২৩ এবং চলতি অর্থবছরে রাজ্য বাজেটে পঞ্চায়েত দপ্তরের জন্য কত অর্থ বরাদ্দ করা হয়েছে ; ৩। উক্ত অর্থ বছর গুলিতে দপ্তর কেন্দ্রিয় সরকারের নিকট থেকে কোন খাতে মোট কত অর্থ পেয়েছে (অর্থবছর ভিত্তিক চলতি অর্থবছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত আলাদা হিসাব) ?

---

19 - 7th Pay Commission **সম্পর্কিত তথ্য** (By - Shri Sudip Sarkar)

68 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

অর্থায়ন :-

১। 7th Pay Commission এর সুপারিশ মোতাবেক রাজ্য সরকারী কর্মচারীরা কি কি সুযোগ, সুবিধা (ভাতা ইত্যাদি) পাচ্ছে ?

---

20 - **সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের 'হাফওয়ে হোম' সম্পর্কিত তথ্য** (By - Shri Sudip Sarkar)

69 **শ্রী সুদীপ সরকার (বড়জলা):**

সমাজকল্যাণ ও সামাজিক শিক্ষা :- ১। ইহা কি সত্য যে, রাজ্য সরকারের সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের অধীনে পরিচালিত 'হাফওয়ে হোম' আছে ; ২। সত্য হলে কয়টি ও কোথায় কোথায় আছে ; এবং ৩। এর লোক সংখ্যা কত ?

---

22 - রাজ্য বাজেটে গ্রামীন উন্নয়ন দপ্তরের জন্য অর্থ বরাদ্দ সম্পর্কিত তথ্য (By - Shri Jitendra Chaudhury)

70 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :-

১। 2021, 2022-23 এবং 2023-24 অর্থ বছরে রাজ্য বাজেটে গ্রামীন উন্নয়ন দপ্তরের জন্য মোট কত অর্থ বরাদ্দ করা হয়েছে ;

২। ২০২১-২২ এবং ২০২২-২৩ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থের মধ্যে সংশ্লিষ্ট দপ্তর মোট কত অর্থ পেয়েছে ;

৩। উক্ত দুটি অর্থ বছরে দপ্তরের কর্মচারীদের বেতন বাবদ মোট কত অর্থ বরাদ্দ করা হয়েছিল এবং এর মধ্যে মোট কত ব্যয় হয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব) ?

---

23 - রাজ্যে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর সম্পর্কিত তথ্য (By - Shri Jitendra Chaudhury)

71 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

কৃষি ও কৃষক কল্যাণ :- ১। রাজ্যে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরে মোট অনুমোদিত পদের সংখ্যা কত ; ২। ৩১শে ডিসেম্বর, ২০২৩ পর্যন্ত মোট কতটি শূন্যপদ রয়েছে ; এবং ৩। ২০২১-২২, ২০২২-২৩ এবং চলতি অর্থ বছরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত দপ্তর কেন্দ্রীয় সরকারের নিকট থেকে কোন্ কোন্ প্রকল্পে মোট কত অর্থ পেয়েছে ?

---

25 - অনিয়মিত কর্মচারীদের রেগুলার বেতন ক্রম সম্পর্কিত তথ্য(By - Shri Jitendra Chaudhury)

72 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

অর্থায়ন :- ১। রাজ্যে বিভিন্ন দপ্তরে নিযুক্ত অনিয়মিত কর্মচারীদের মধ্যে যারা ১০ (দশ) বছর চাকুরী করার পর রেগুলার বেতন ক্রম পাওয়ার যে সুযোগ ছিল তা কখন থেকে প্রত্যাহার করে নেওয়া হয়েছে ; ২। অনিয়মিত কর্মচারীদের আর্থিক দুরাবস্থার কথা বিবেচনায় এনে পূর্বাবস্থায় ফিরিয়ে আনা হবে কিনা ;এবং ৩।করা না হলে তার কারণ ?

---

31 - আদর্শ গ্রাম সম্পর্কিত তথ্য (By - Shri Jitendra Chaudhury)

73 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :- ১। রাজ্যে বর্তমানে মোট কয়টি গ্রামকে আদর্শ গ্রাম হিসাবে ঘোষণা করা হয়েছে ; ২। উক্ত গ্রাম গুলিতে অতিরিক্ত কি কি সুযোগ সুবিধা প্রদান করা হয়েছে এবং তারজন্য ৩১শে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত অতিরিক্ত কত অর্থ প্রত্যেক গ্রামকে দেওয়া হয়েছে ?

---

32 - **বিদ্যু গ্রাহক সম্পর্কিত তথ্য** (By - Shri Jitendra Chaudhury)

74 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

বিদ্যু :- ১। রাজ্যে বর্তমানে বিদ্যু গ্রাহকদের জন্য কয়টি বিদ্যু রয়েছে এবং কোন Slab-এ বিদ্যুতের মূল্য কত ; ২। বিদ্যু গ্রাহকদের মধ্যে কোন্ কোন্ গ্রাহকদের জন্য রাজ্য সরকার ভূর্তকি প্রদান করে থাকে ?

---

36 - **রাজ্যে তৈল বীজ উপাদন সম্পর্কিত তথ্য**(By - Shri Ramu Das)

75 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

কৃষি ও কৃষক কল্যাণ :-

১। রাজ্যে কত পরিমান তৈল বীজ উপাদন হয় (বাদাম, সরিষা সূর্যমুখী সহ অন্যান্য) পৃথক পৃথক হিসাব;

২। বর্তমানে রাজ্যের চাহিদার কত শতাংশ তৈল বীজ উপাদন হচ্ছে ; এবং

৩। তৈল বীজ উপাদনের সম্ভাবনাকে কাজে লাগাতে সরকার কি কি উদ্যোগ নিয়েছে ?

---

37 - **রাজ্যে মশলা জাতীয় ফসল উপাদন সম্পর্কিত তথ্য** (By - Shri Ramu Das)

76 **শ্রী রামু দাস (প্রতাপগড়):**

কৃষি ও কৃষক কল্যাণ :- ১। ইহা কি সত্য যে, রাজ্যের বাইরে থেকে মরিচ, আদা, হলুদ, গুলমরিচ, জিরা, মেথি সহ নানা মশলা জাতীয় সামগ্রী আমদানি করতে হয় ; ২। সত্য হলে, রাজ্যের চাহিদার কত শতাংশ উক্ত মশলা সামগ্রী বহিরাজ্য থেকে আমদানি করতে হচ্ছে ; এবং ৩। রাজ্যে মশলা জাতীয় ফসল উপাদন বৃদ্ধির জন্য সরকার কি কি ব্যবস্থা গ্রহন করেছে ?

---

41 - Retirement benefit regarding Information of government employees (By - Shri Gopal Chandra Roy)

77 **শ্রী গোপাল চন্দ্র রায় (বনমালীপুর):**

অর্থায়ন :- 1.What are the post retirement benefit of Government employees? 2. What are the health benefits available to a retired employee and their family? 3. Is there any plan to provide cashless benefit in Govt. and Private hospitals of the current and retired employees and their family members ?

---

42 - রাজ্যের অনিয়মিত কর্মচারী সম্পর্কিত তথ্য (By - Shri Gopal Chandra Roy)

78 **শ্রী গোপাল চন্দ্র রায় (বনমালীপুর):**

অর্থায়ন :- ১। রাজ্যের বিভিন্ন দপ্তরে কর্মরত মোট অনিয়মিত কর্মচারীর সংখ্যা কত ; ২। তাদের নিয়মিত করণের কোন উদ্যোগ রাজ্য সরকারের আছে কিনা ; ৩। যদি থাকে তবে তা কবে বাস্তবায়িত হবে ?

---

53 - রাজ্যের হাসপাতালগুলিতে বিশেষজ্ঞ চিকি□সক সম্পর্কিত তথ্য (By - Shri Animesh Deb Barma)

79 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। রাজ্যের বিভিন্ন স্তরের হাসপাতালগুলিতে কোন কোন চিকি□সার কতজন করে বিশেষজ্ঞ চিকি□সক, নার্স, ল্যাব টেকনেশিয়ান এবং অন্যান্য স্বাস্থ্যকর্মী সহ দপ্তরের প্রশাসনিক বিভিন্ন স্তরে কর্মরত আছেন (নিয়মিত ও অনিয়মিত আলাদা আলাদা হিসাব) ; ২। সরকারী হাসপাতালের চিকি□সকদের মধ্যে কতজন প্রাইভেট প্র্যাকটিস করছেন ?

---

54 - খাদ্য দ্রব্যের গুনগত মান সম্পর্কিত তথ্য (By - Shri Animsh Deb Barma)

80 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। রাজ্যে কোথায় কোথায় খাদ্য দ্রব্যের গুনগত মান পরীক্ষা করার জন্য পরীক্ষাগার রয়েছে ; ২। খাদ্যে ভেজাল সংমিশ্রনের দায়ে ৩১শে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত কতজনের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছে ?

---

55 - প্রধানমন্ত্রী আবাস যোজনা সম্পর্কিত তথ্য (By - Shri Animesh Deb Barma)

81 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ইং অর্থ বছরের ৩১শে জানুয়ারী পর্যন্ত প্রধানমন্ত্রী আবাস যোজনায় কয়টি ঘর নির্মাণের লক্ষ্যমাত্রা

ছিল এবং কয়টি ঘর নির্মাণ করা সম্ভব হয়েছে ?

---

56 - Plan & Non-Plan **খাতে অর্থ সম্পর্কিত তথ্য** (By - Shri Animesh Deb Barma)

82 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

অর্থায়ন :- ১। রাজ্যে গ্রামীণ উন্নয়ন দপ্তরে মোট অনুমোদিত পদের (Sanctioned Post) সংখ্যা কত এবং বর্তমানে মোট কতজন কর্মচারী কর্মরত অবস্থায় আছে ; ২। সর্বশেষ কবে উক্ত দপ্তরে ইঞ্জিনীয়ার নিয়োগ করা হয়েছিল ; ৩। ইহা কি সত্য যে, ২০২২ সালে অক্টোবর মাসে টি.পি.এস.সি.-র মাধ্যমে ১৫০ জন ইঞ্জিনীয়ার নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ?

---

60 - **রাজ্যে গ্রামীণ উন্নয়ন দপ্তর সম্পর্কিত তথ্য** (By - Shri Jitendra Chaudhury)

83 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :- ১। রাজ্যে গ্রামীণ উন্নয়ন দপ্তরে মোট অনুমোদিত পদের (Sanctioned Post) সংখ্যা কত এবং বর্তমানে মোট কতজন কর্মচারী কর্মরত অবস্থায় আছে ; ২। সর্বশেষ কবে উক্ত দপ্তরে ইঞ্জিনীয়ার নিয়োগ করা হয়েছিল ; ৩। ইহা কি সত্য যে, ২০২২ সালে অক্টোবর মাসে টি.পি.এস.সি.-র মাধ্যমে ১৫০ জন ইঞ্জিনীয়ার নিয়োগের সিদ্ধান্ত নেওয়া হয়েছিল ?

---

61 - Medical College **সম্পর্কিত তথ্য** (By - Shri Jitendra Chaudhury)

84 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। ইহা কি সত্য, পশ্চিম ত্রিপুরা জেলায় Shantiniketan Private Medical College নামে একটি Medical College গড়ে উঠেছে ; ২। যদি সত্যি হয়ে থাকে, কোন সংস্থার উদ্যোগে এই কলেজটি গড়ে উঠছে এবং এর জন্য রাজ্য সরকারের প্রয়োজনীয় অনুমোদন আছে কিনা ?

---

63 - **ডক্টর ও নার্স নিয়োগ সম্পর্কিত তথ্য** (By - Shri Nayan Sarkar)

85 **শ্রী নয়ন সরকার (বামুটিয়া):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ ইং অর্থবছরে কতজন ডক্টর ও নার্স নিয়োগ করা হয়েছে (বছর ভিত্তিক আলাদা আলাদা হিসাব) ?

---

65 - সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ দপ্তর সম্পর্কিত তথ্য(By - Shri Jitendra Chaudhury)

86 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

সমাজকল্যাণ ও সামাজিক শিক্ষা :-

১। সমাজ শিক্ষা ও সমাজ কল্যাণ দপ্তরে মোট অনুমোদিত পদের সংখ্যা কতটি এবং বর্তমানে কতটি শূন্যপদ রয়েছে;

২। ২০২১-২২, ২০২২-২৩ এবং চলতি অর্থ বছরে রাজ্য বাজেটে দপ্তরের জন্য মোট কত অর্থ বরাদ্দ করা হয়েছে ; এবং তারমধ্যে মোট কত অর্থ পাওয়া গেছে ?

---

67 - রাজ্যের উপজাতি কল্যাণ দপ্তরের প্রকল্প / স্কীম সম্পর্কিত তথ্য(By - Shri Jitendra Chaudhury)

87 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং চলতি অর্থবছরে রাজ্যের উপজাতি কল্যাণ দপ্তর থেকে কি কি প্রকল্প / স্কীম তৈরী করে কেন্দ্রীয় সরকারের নিকট থেকে আর্থিক বরাদ্দ চেয়ে প্রস্তাব পাঠানো হয়েছে; ২। প্রস্তাব অনুযায়ী উক্ত সময়ে মোট কত অর্থ কেন্দ্রীয় সরকার অনুমোদন করেছে ; ৩। রাজ্য সরকার থেকে পাঠানো প্রস্তাব ছাড়াও অন্যান্য কোন্ কোন্ ক্ষেত্র থেকে দপ্তর উক্ত সময়কালে কত অর্থ কেন্দ্রীয় সরকারের নিকট থেকে পেয়েছে ?

---

80 - রাজ্যে কৃষি জমির সম্পর্কিত তথ্য (By - Shri Animesh Deb Barma)

88 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

কৃষি ও কৃষক কল্যাণ :-

১। ইহা কি সত্য, রাজ্যে কৃষি জমির পরিমাণ ক্রমশ হ্রাস পাচ্ছে ;

২। যদি সত্য হয়ে থাকে তাহলে সীমিত পরিমাণ কৃষি জমিতে উ□পাদন বৃদ্ধির লক্ষ্যে রাজ্য সরকার কি কি পরিকল্পনা নিয়েছে ;

৩। ২০২১-২২ এবং ২০২২-২৩ ইং অর্থ বছরে রাজ্যে মোট কত পরিমাণ ধান উ□পাদিত হয়েছিল ;

৪। উক্ত অর্থ বছরে রাজ্যে কি পরিমাণ জমিতে ধান চাষ হয়েছে ; এবং

৫। ২০২৩-২৪ ইং অর্থ বছরে ধান উ□পাদনের লক্ষ্যমাত্রা কত ধরা হয়েছে ?

---

81 - Tribal Welfare **দপ্তরে চাকুরী সম্পর্কিত তথ্য** (By - Shri Animesh Deb Barma)

89 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। রাজ্য সরকারের Tribal Welfare দপ্তরে মোট Sanctioned Post কত, তার মধ্যে ৩১ শে জানুয়ারী, ২০২৪ পর্যন্ত মোট কতজন কর্মচারী রয়েছেন ; ২। ২০২১-২২ এবং ২০২২-২৩ইং অর্থ বছরে উক্ত দপ্তরের কতজন কর্মচারী চাকুরী থেকে অবসর নিয়েছেন ; ৩। উক্ত সময়ে সংশ্লিষ্ট দপ্তরে কতজনকে চাকুরীতে নিয়োগ করা হয়েছে ?

---

82 - **ট্রাইবেল ওয়েলফেয়ার অফিসার সম্পর্কিত তথ্য** (By - Shri Animesh Deb Barma)

90 **শ্রী অনিমেষ দেববর্মা (আশারামবাড়ী):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। রাজ্যের প্রতিটি মহকুমা অফিসে ট্রাইবেল ওয়েলফেয়ার অফিসার রয়েছেন কিনা ; ২। রাজ্যে মোট ট্রাইবেল সুপারভাইজার পদে কর্মচারীর সংখ্যা কত ?

---

94 - **গ্রামে** Power (**কারেন্ট**) **সম্পর্কিত তথ্য** (By - Shri Brishaketu Deb Barma)

91 **শ্রী বৃষকেতু দেববর্মা (সীমনা):**

বিদ্যু :- ১। বর্ষাকালে সামান্য বৃষ্টিতে গ্রামে Power (কারেন্ট) চলে যায় সেটাকে বন্ধ করার জন্য সরকার কি কি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন ?

---

95 - **রাজ্যের উপজাতি জনগনের কল্যাণে বিশ্বব্যাংক থেকে নেওয়া অর্থ সম্পর্কিত তথ্য** (By - Shri Jitendra Chaudhury)

92 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থ বছরে রাজ্যের উপজাতি জনগনের কল্যাণে বিশ্বব্যাংক এবং অন্য কোন আর্থিক প্রতিষ্ঠান থেকে মোট কত অর্থ ঋণ হিসাবে রাজ্য সরকার নিয়েছে (অর্থ বছর ভিত্তিক হিসাব); ২। ঋণ থেকে প্রাপ্ত অর্থ দিয়ে রাজ্যের উপজাতি জনগনের কল্যাণে কি কি কাজ করা হয়েছে বা এখনো চলতি প্রক্রিয়ায় আছে ?

---

97 - **রাজ্যে বিদ্যু লাইন সম্পর্কিত তথ্য** (By - Shri Nirmal Biswas)

93 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

বিদ্যু :-

১। রাজ্যে বর্তমানে বিদ্যু গ্রাহকের সংখ্যা কত ;

২। রাজ্যে বর্তমানে মোট কত পরিবার অবিদ্যুতায়িত অবস্থায় রয়েছে ;

৩। গত ৩টি অর্থবসরে আগরতলা শহরে মাটির নীচে নিয়ে কত কি: মি: বিদ্যু লাইন বসানোর লক্ষ্যমাত্রা ছিল ; এবং

৪। এর মধ্যে কত কি: মি: সম্পন্ন হয়েছে ?

---

101 - Doctors, Nurses and Paramedics related information.(By - Shri Gopal Chandra Roy)

94 **শ্রী গোপাল চন্দ্র রায় (বনমালীপুর):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- 1.What are the Availability of Doctors, Nurses and Paramedics in the DHS, CHCS and PHCs in the state at present?

---

102 - Public Sector Enterprises (PSEs) related information (By - Shri Gopal Chandra Roy)

95 **শ্রী গোপাল চন্দ্র রায় (বনমালীপুর):**

অর্থায়ন :- 1. How many Public Sector Enterprises (PSEs) consist of state Government compaines and statutory corporations? 2. What are the present functioning of those PSES?

---

114 - রাজ্যে কৃষিদপ্তরের স্ক্রেক্স ছাপানো সম্পর্কিত তথ্য (By - Shri Sudip Roy Barman)

96 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

কৃষি ও কৃষক কল্যাণ :-

১। রাজ্যে গত তিনটি অর্থ বছরে কৃষিদপ্তর কর্তৃক কত টাকার স্ক্রেক্স ছাপানো হয়েছে ; এবং

২। স্ক্রেক্স প্রিন্টিং-এ সরকারি রেইট কত (Per Sq Ft.) ?

---

134 - MGNREGA **প্রকল্প সম্পর্কিত তথ্য** (By - Shri Islam Uddin)

97 **শ্রী ইসলাম উদ্দিন (কদমতলা-কুর্তি):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :- ১।রাজ্যে MGNREGA প্রকল্পের ২০২২-২৩ অর্থ ব□সরে কত শ্রমদিবসের কাজ হয়েছে ; ২। চলতি অর্থ ব□সরে কদমতলা ব্লকে কতগুলি প্রজেক্ট-এর অনুমোদন দেওয়া হয়েছিল এবং এই কাজগুলি সম্পন্ন হয়েছে কি না ; ৩। না হলে, তার কারণ ?

---

143 - **উপজাতি ছাত্র-ছাত্রীদের হোস্টেল সম্পর্কিত তথ্য** (By - Shri Ranjit Deb Barma, Shri Sanjoy Manik Tripura)

98 **শ্রী রঞ্জিত দেববর্মা(রামচন্দ্রঘাট) :**
শ্রী সঞ্জয় মানিক ত্রিপুরা(করবুক) :

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :-১। রাজ্যে কয়টি স্কুলে উপজাতি ছাত্র-ছাত্রীদের থাকার জন্য হোস্টেল রয়েছে এবং কয়টি স্কুলে হোস্টেল নেই (জেলা ভিত্তিক তথ্য) ; ২। উপজাতি কল্যান দপ্তরের মাধ্যমে রামচন্দ্রঘাট বিধানসভা কেন্দ্রের বাইজালবাড়ী এবং করবুক বিধানসভা কেন্দ্রের অন্তর্গত ঘোড়াকাপ্পা হায়ার সেকেন্ডারী স্কুলে ১০০ (একশ) আসন বিশিষ্ট একটি Girls হোস্টেল ও একটি Boys হোস্টেল করার জন্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; ৩। যদি থাকে তবে কবে নাগাদ হবে বলে আশা করা যায় ?

---

144 - Grid Connected Solar Power Plant **সম্পর্কিত তথ্য** (By - Shri Ranjit Deb Barma, Shri Sanjoy Manik Tripura)

99 **শ্রী রঞ্জিত দেববর্মা(রামচন্দ্রঘাট) :**
শ্রী সঞ্জয় মানিক ত্রিপুরা(করবুক) :

বিদ্যু□ :-১। রাজ্যে রামচন্দ্রঘাট এবং করবুক বিধানসভা কেন্দ্রে TREDA -র মাধ্যমে একটি Grid Connected Solar Power Plant করার জন্য রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; এবং ২। রামচন্দ্রঘাট বিধানসভা কেন্দ্রের রতনপুর এলাকায় ৩৩ কেভি বিদ্যুতের সাব স্টেশান স্থাপনের জন্য বিদ্যু□ দপ্তরের কোন পরিকল্পনা আছে কিনা ?

---

148 - **হাসপাতালের পাকা বাউন্ডারী সম্পর্কিত তথ্য**(By - Shri Ranjit Deb Barma)

100 **শ্রী রঞ্জিত দেববর্মা (রামচন্দ্রঘাট):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :-

১।রামচন্দ্রঘাট বিধানসভা কেন্দ্রের বাইজালবাড়ী PHC হাসপাতাল এবং আম্পুরা PHC হাসপাতালের পাকা বাউন্ডারী করার জন্য সরকারের কোন পরিকল্পনা রয়েছে কিনা ;

২। যদি থাকে তবে কবে নাগাদ হবে বলে আশা করা যায় ?

---

154 - খোয়াই জেলা হাসপাতাল সম্পর্কিত তথ্য (By - Shri Ranjit Deb Barma)

101 **শ্রী রঞ্জিত দেববর্মা (রামচন্দ্রঘাট):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। খোয়াই জেলা হাসপাতাল করার জন্য সরকারের চুড়ান্ত জায়গা / স্থান নির্ধারন করা হয়েছে কিনা ; এবং ২। উক্ত হাসপাতাল করার জন্য মোট কত একর জমির প্রয়োজন হবে ?

---

155 - টাউন হল নির্মাণ পরিকল্পনা সম্পর্কিত তথ্য By - Shri Ranjit Deb Barma, Shri Sanjoy Manik Tripura)

102 **শ্রী সঞ্জয় মানিক ত্রিপুরা(করবুক) :**
শ্রী রঞ্জিত দেববর্মা(রামচন্দ্রঘাট) :

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :-১। পদ্মবিল ব্লকের অধীন এবং করবুক বিধানসভায় এক হাজার আসন বিশিষ্ট টাউন হল (Town Hall) নির্মাণের জন্য রাজ্য সরকারের কোন পরিকল্পনা আছে কিনা ; ২। থাকলে কবে নাগাদ করা হবে বলে আশা করা যায় ; ৩। না থাকিলে তার কারণ ?

---

161 - গোলাঘাঁটি বিধানসভার ST Hostel নির্মান সম্পর্কিত তথ্য (By - Shri Manab Debbarma)

103 **শ্রী মানব দেববর্মা (গোলাঘাটী):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। এটা কি সত্য যে, গোলাঘাঁটি বিধানসভার অন্তর্গত পেকুয়ারজলা স্কুলের ST Hostel নির্মান করার পরও চালু করা হয়নি ; ২। সত্য হলে তার কারন ?

---

168 - হাসপাতালে মর্গ সম্পর্কিত তথ্য (By - Shri Nirmal Biswas)

104 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। বর্তমানে রাজ্যে কতসংখ্যক হাসপাতালে মর্গ রয়েছে ; এবং ২। কতটি মর্গে ডোম কর্মরত রয়েছে ?

---

169 - **দপ্তরের শূন্যপদ সম্পর্কিত তথ্য** (By - Shri Nirmal Biswas)

105 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

অর্থায়ন :- ১। ৩১শে ডিসেম্বর ২০২৩ পর্যন্ত কোন দপ্তরে কত সংখ্যক শূন্যপদের সৃষ্টি হয়েছে (দপ্তর ভিত্তিক গ্রুপ-এ, গ্রুপ-বি, গ্রুপ-সি, গ্রুপ-ডি পদের আলাদা আলাদা তথ্য) ?

---

170 - **মদ বিক্রির লাইসেন্স সম্পর্কিত তথ্য** (By - Shri Nirmal Biswas)

106 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

অর্থায়ন :- ১। ২০২৩-২৪ অর্থ ব□সরে মদ বিক্রির লাইসেন্স প্রদান করে রাজ্য সরকারের কত অর্থ শুল্ক আদায় হয়েছে ?

---

174 - NPS (National Pension System) **সম্পর্কিত তথ্য** (By - Shri Jitendra Chaudhury)

107 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

অর্থায়ন :- ১। NPS-এর অধীনে কর্মরত কর্মচারীদের পেনশান ইত্যাদির জন্য রাজ্য সরকার থেকে প্রদেয় অংশের জন্য প্রত্যেক মাসে মোট কত প্রদান করতে হয় ? ২। রাজ্যে কোন তারিখ থেকে NPS (National Pension System) চালু করা হয়েছে ; ৩। NPS চালুর তারিখ এর পূর্বে যেসব চাকুরীর জন্য বিজ্ঞাপন প্রকাশিত হয়েছিল এবং নিয়োগপত্র দেওয়া হয়েছিল এমন ক্ষেত্রেও NPS-এর অধীনে আনা হয়েছে কিনা ?

---

177 - Non-bio degradable sustance related information (By - Shri Sudip Roy Barman)

108 **শ্রী সুদীপ রায় বর্মন (আগরতলা):**

বিজ্ঞান, প্রযুক্তি এবং পরিবেশ :-

1. Is it a fact that flex is a non-bio degradable sustance which is paving hindrance for the rain water to seep through the Earth Surface?

2.If so, what steps have been taken by the department to contain / restrict the usage of Flex ?

---

180 - চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা সম্পর্কিত তথ্য (By - Shri Pinaki Das Chowdhury)

109 **শ্রী পিনাকী দাস চৌধুরী (কল্যাণপুর-প্রমোদনগর):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। সম্প্রতি রাজ্যে "চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা"য় ত্রিপুরা রাজ্যের এবং বহিঃরাজ্যের কোন্ কোন্ চিকি□সালয়গুলোকে রোগীদের চিকি□সার জন্য তালিকাভুক্ত করা হয়েছে; ২। উক্ত তালিকাভুক্ত কোন্ কোন্ চিকি□সালয়ে রোগীদের "চিফ মিনিস্টার জন আরোগ্য যোজনা"য় কী কী রোগের চিকি□সা পরিষেবা পাওয়ার সুযোগ রয়েছে?

---

187 - Drop out coaching center সম্পর্কিত তথ্য (By - Shri Nirmal Biswas)

110 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। উপজাতি কল্যাণ দপ্তরের মাধ্যমে বর্তমানে Madhyamik pluck-দের জন্য Drop out coaching centre কতটি চালু রয়েছে; ২। এই সেন্টারগুলিতে মোট কতজন ছাত্রছাত্রী বর্তমানে পড়াশুনা করছেন; ৩। এই সেন্টারগুলি পরিচালনা করার জন্য ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ অর্থবছরে বরাদ্দকৃত অর্থের পরিমান কত ?

---

188 - ব্লক স্থাপনের পরিকল্পনা সম্পর্কিত তথ্য (By - Shri Nirmal Biswas)

111 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

গ্রামীণ উন্নয়ন (পঞ্চায়েত সহ) :-

১। আগামী অর্থবছরে রাজ্যে নতুন করে ব্লক স্থাপনের পরিকল্পনা সরকারের আছে কিনা;

২। থাকলে, কোথায় কোথায় স্থাপন করা হবে বলে আশা করা যায় ?

---

189 - রাজ্যের রোগীদের উন্নত চিকি□সার সম্পর্কিত তথ্য (By - Shri Nirmal Biswas)

112 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ :- ১। রাজ্যের রোগীদের উন্নত চিকি□সার জন্য বহিঃরাজ্যের রেফারেল হাসপাতালের সংখ্যা আরো বৃদ্ধি করার কোন পরিকল্পনা দপ্তরের রয়েছে কিনা ; 2। থাকলে, কোন কোন হাসপাতাল সম্পর্কে পরিকল্পনা রয়েছে ?

---

190 - রাজ্যের বিদ্যু বিভাগ বেসরকারী ফ্রেঞ্চাইজির সম্পর্কিত তথ্য (By - Shri Jitendra Chaudhury)

113 **শ্রী জিতেন্দ্র চৌধুরী (সাব্রুম):**

বিদ্যু :-

১। ইহা কি সঠিক রাজ্যের কয়েকটি বিদ্যু বিভাগ বেসরকারী ফ্রেঞ্চাইজির হাতে তুলে দেওয়া হয়েছে ;

২। উক্ত বেসরকারী সংস্থাগুলিকে বিদ্যু দপ্তরের কী কী কাজের দায়িত্ব দেওয়া হয়েছে এবং রাজ্যে গড়ে প্রতিদিন কত সময় লোডশেডিং হচ্ছে ?

---

192 - রাজ্যের ফল বিদেশে রপ্তানি করা সম্পর্কিত তথ্য (By - Shri Nirmal Biswas)

114 **শ্রী নির্মল বিশ্বাস (খোয়াই):**

কৃষি ও কৃষক কল্যাণ :- ১। গত ৩টি অর্থবর্ষে রাজ্য থেকে কোন্ কোন্ ফল কত পরিমানে বিদেশে রপ্তানি করা হয়েছে (অর্থবসর ভিত্তিক হিসাব) ; এবং ২। এরজন্য রাজ্য সরকারকে কোন ভর্তুকি দিতে হয়েছে কি না ; হলে ভর্তুকির পরিমান কত ?

---

199 - বনাধীকার আইনে বন পাট্টা সম্পর্কিত তথ্য (By - Shri Pathan Lal Jamatia)

115 **শ্রী পাঠান লাল জামাতিয়া (অম্পিনগর):**

উপজাতি কল্যাণ (টিআরপি এবং পিটিজি ব্যতীত) :- ১। ২০২১-২২, ২০২২-২৩ এবং ২০২৩-২৪ইং অর্থবছরে সর্বমোট কতজনকে বনাধীকার আইনে বন পাট্টা দেওয়া হয়েছে ; 2। ২০২৪-২৫ইং অর্থবছরে কতজনকে বন পাট্টা দেওয়ার পরিকল্পনা সরকারের আছে ?

---

200 - সোনামুড়া নগর পঞ্চায়েত দোকান শেড তৈরী সম্পর্কিত তথ্য (By - Shri Shyamal Chakraborty)

116 **শ্রী শ্যামল চক্রবর্তী (সোনামুড়া):**

বিদ্যু :- ১। ইহা কি সত্য যে, বিদ্যু দপ্তরের সোনামুড়া " সাব-ডিভিশন"অফিসের জায়গায় (সোনামুড়া নগর পঞ্চায়েত এলাকায় অবস্থিত) অফিসের তিনদিক ঘেরাও করে দোকান শেড তৈরী হচ্ছে ; ২। শেড তৈরী করার জন্য বিদ্যু দপ্তরের কোন অনুমতি আছে কি না ; এবং ৩। উক্ত অফিসটি নগর পঞ্চায়েত এলাকা থেকে সরিয়ে নেওয়ার কোন চিন্তাভাবনা সরকারের আছে কিনা?

---

201 - সিপাহীজলা জেলায় জমির পাট্টা প্রাপক সম্পর্কিত তথ্য (By - Shri Shyamal Chakraborty)

117 **শ্রী শ্যামল চক্রবর্তী** (সোনামুড়া):

উপজাতি কল্যাণ (**টিআরপি এবং পিটিজি ব্যতীত**) :- ১। বনাধিকার আইনে ২০২৩ সালের জানুয়ারী মাস থেকে ২০২৪ সালের ১৫ই ফেব্রুয়ারী পর্যন্ত সিপাহীজলা জেলায় কতজন জনজাতি পরিবার জমির পাট্টা পেয়েছেন ; ২। তার মধ্যে সিপাহীজলা জেলায় কতজন ; ৩। পাট্টা প্রাপকগণকে আবাসন, পানীয় জল, বিদ্যু সহ অন্যান্য সুবিধা দেয়া হয়েছে কিনা ?